



নির্বাচনে নামছেন উপদেষ্টা আসিফ, পাসপোর্ট জমা পদত্যাগ নিয়ে নিরবতা



সংগৃহীত ছবি

স্থানীয় সরকারবিষয়ক উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া জাতীয় নির্বাচনে অংশ নেবেন বলে নিশ্চিত করেছেন এবং কূটনৈতিক পাসপোর্ট জমা দিয়েছেন। তবে কোন দল থেকে বা কোন আসনে প্রতিদ্বন্দ্বিতা করবেন— তা জানাননি। পদত্যাগ নিয়েও স্পষ্ট বক্তব্য এড়িয়ে যান তিনি। বিভিন্ন গুঞ্জনের মাঝেই আগামী কয়েক দিনের মধ্যেই সব পরিষ্কার হবে বলে জানিয়েছেন উপদেষ্টা।

আজ বুধবার সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে উপদেষ্টা আসিফ মাহমুদ জানান, তিনি নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন। নির্বাচনী প্রক্রিয়ার অংশ হিসেবে কূটনৈতিক পাসপোর্ট জমা দেয়ার বিষয়টিও নিশ্চিত করেন তিনি। কিন্তু উপদেষ্টা পরিষদ থেকে পদত্যাগের সময়সূচি জানতে চাইলে তিনি কোনো নির্দিষ্ট উত্তর দেননি। সাংবাদিকরা বারবার পদত্যাগপত্র জমা, প্রার্থীতা ও দলীয় পরিচয় নিয়ে প্রশ্ন করলেও তিনি শুধু বলেন— নির্বাচন করবেন, তবে চূড়ান্ত সিদ্ধান্ত এখনো নেননি। পদত্যাগসংক্রান্ত তথ্য সরকারের প্রেস উইং জানাবে বলেও উল্লেখ করেন।

তার প্রার্থিতা নিয়ে বিভিন্ন গুঞ্জন ঘুরে বেড়াচ্ছে। বিএনপিতে যোগদানের প্রশ্নে তিনি স্পষ্টভাবে বলেন, ‘ওই দলের সুযোগ নেই, সেখানে প্রার্থীও ঘোষণা হয়েছে।’ তবে এনসিপির পক্ষ থেকে যোগাযোগের বিষয়টি স্বীকার করেন তিনি। পাশাপাশি কয়েক দিনের মধ্যেই সব সিদ্ধান্ত প্রকাশ্যে আসবে বলে জানান।

যদিও সরাসরি ঘোষণা দেননি, তবুও সাম্প্রতিক পদক্ষেপগুলো থেকে ধারণা মিলছে যে তিনি ঢাকার একটি গুরুত্বপূর্ণ আসন থেকেই প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন। সম্প্রতি ধানমন্ডিতে ভোটের হওয়া, এলাকাভিত্তিক বিশেষ বরাদ্দ নিয়ে আলোচনা এবং সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া তার ইঙ্গিত— সব মিলিয়ে নির্বাচনী প্রস্তুতির ছবি আরও স্পষ্ট হয়ে উঠছে।